দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 30 JUL 1988
পৃষ্ঠা ... ২ কলাম ৪

## মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটি

সম্প্রতি সরকার মাদ্রাসা শিক্ষা সংস্কারের উদ্দেশ্যে ১৫ সদস্য-বিশিষ্ট উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি কমিটি গঠন করিয়াছেন। আমরা উক্ত কমিটিকে স্বাগতম জানাই। ১৭৮১ সালে কলিকাতায় আলিয়া মাদ্রাসা প্রতিষ্ঠার পর হইতে মাদ্রাসা শিক্ষা সংস্কারের জন্য অসংখ্যবার মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটি গঠন করা হইয়াছে। তাহার মধ্যে উল্লেখযোগ্য হইল: শিক্ষা কমিশন-১৮৮২, দি হারলি কমিটি-১৯১৫, দি শামসুল হুদা কমিটি-১৯২১, মমিন কমিটি ১৯৩১-৩৪, মাওলা বক্স কমিটি ১৯৩৮-৪১, মুয়াজ্জেম উদ্দিন কমিটি ১৯৪৬-৪৭ পূর্ব বাংলা শিক্ষা পুনর্গঠন কমিটি, ১৯৪৯-৫১, শিক্ষা সংস্কার কমিশন-১৯৫৭, জাতীয় শিক্ষা কমিশন-১৯৫৮, ইসলামিক আরবী বিশ্ববিদ্যালয় কমিশন ১৯৬৩-৬৪, বাংলাদেশ শিক্ষা কমিশন-১৯৭২ ইত্যাদি। উক্ত কমিটি/কমিশনগুলিতে সংখ্যাগরিষ্ঠ জনগণের আশা-আকাংক্ষা অনুযায়ী প্রতিনিধি না থাকায় মাদ্রাসা শিক্ষার আশানুরূপ সংস্কার হয় নাই। আবার এমনও দেখা গেছে যে, উক্ত কমিশনগুলির সুপারিশ বাস্তবায়ন করা হয় নাই। অতএব মাদ্রাসা শিক্ষাকে আরও সুষ্ঠু ও যুগোপযোগী করার জন্য জমিয়াতুল মোদারেসিনের ৩ জন, পীর মাশায়েখদের মধ্য হইতে দুইজন ও ইসলামী চিন্তাবিদদের মধ্য হইতে আরও দুইজন সর্বমোট ৭ জন সদস্যকে উক্ত কমিটিতে কো-অপট করার জন্য কর্তৃপক্ষের নিকট জোর আবেদন জানাইতেছি।

—মোঃ মনিবুর রহমান খসরু,
২০নং হাজারীবাগ লেন, ঢাকা-৯।